

নুশিন ইলেকট্রনিক্স

থ্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাউ, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।

ল্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।

মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৮৬১১০০৩০৫

দৈনিক

চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

বুধবার

রেজিঃ নং-চ-৫১৩
২৮ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৮৫
১২ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com

Website : www.chandpurdiganta.com

চাঁদপুরে তীব্র লোডশেডিং বিপর্যস্ত জনজীবন

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা শহর ও গ্রামাঞ্চলে বিদ্যুতের ধারাবাহিক ও তীব্র লোডশেডিংয়ের কারণে সাধারণ মানুষের জনজীবন পুরোপুরি বিপর্যস্ত হয়ে পড়েছে। দিন কিংবা রাত—কখনো ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ না থাকায় চরম ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ বাসিন্দা, শিক্ষার্থী, অসুস্থ রোগী এবং

উৎপাদনমুখী বিভিন্ন প্রতিষ্ঠানের মালিকরা। প্রযুক্তির এই যুগে মানুষের দৈনন্দিন জীবনযাত্রা যেখানে বিদ্যুতের ওপর পুরোপুরি নির্ভরশীল, সেখানে এমন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে স্থবির হয়ে পড়েছে জেলার স্বাভাবিক কাজকর্ম। খোজ নিয়ে জানা গেছে, চাঁদপুর জেলা শহরে বিদ্যুৎ সরবরাহের দায়িত্বে রয়েছে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিভিবি)-এর বিজ্ঞ ও বিতরণ বিভাগ। অন্যদিকে, জেলার প্রত্যন্ত ও গ্রামীণ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং পল্লী বিদ্যুৎ সমিতি-২। তবে শহর কিংবা গ্রাম-কোনো এলাকাতেই বর্তমানে বিদ্যুতের এই ভয়াবহ সংকট থেকে রেহাই মিলছে না।

তীব্র লোডশেডিংয়ের কারণে ক্ষোভ ও দুর্ভোগের কথা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করছেন স্থানীয় বাসিন্দারা। শহরের ● ২-এর পাতায় দেখুন

রক্তাক্ত ২৮ অক্টোবর আজ, ২০০৬ সালের এদিনে কী ঘটেছিল?

দিগন্ত ডেস্ক

রক্তাক্ত ২৮ অক্টোবর আজ। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে কলঙ্কিত দিনগুলোর মধ্যে অন্যতম দিন ২০০৬ সালের ২৮ অক্টোবর। সেদিন রাজধানীর বায়তুল মোকাররম এলাকায় আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলীয় জোট জামায়াতে ইসলামী ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের উপর পৈশাচিক হামলা চালিয়ে ছয় নেতাকর্মীকে নৃশংসভাবে হত্যা করে। ২০০৬ সালের ২৭ অক্টোবর সন্ধ্যায় তৎকালীন সন্য বিদায়ী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া রেডিও-টেলিভিশনে জাতির উদ্দেশে ভাষণ দেন। মূলত এ ভাষণ শেষ হওয়ার পরপরই দেশব্যাপী শুরু হয় লগ্নি-বৈঠার তাক্তব। ● ২-এর পাতায় দেখুন

মা ইলিশ রক্ষায় নৌ পুলিশের অভিযান, ৩৩ জেলে গ্রেফতার

স্টাফ রিপোর্টার

পদ্মা-মেঘনা নদীর কাচিকাটা থেকে হরিণা নৌ-সীমানা পর্যন্ত বিশেষ অভিযান চালিয়ে ৩৩ জেলেকে গ্রেফতার করেছে নৌ পুলিশ। এ সময় ৩৩ হাজার মিটার নিষিদ্ধ কারেন্ট জাল, ১০টি জেলে নৌকা ও ৭ কেজি মা ইলিশ জব্দ করা হয়।

চাঁদপুরে নৌ-পুলিশের অভিযানে গ্রেফতার হওয়া জেলেরা।

সোমবার (২৬ অক্টোবর) রাত ১১টা থেকে মঙ্গলবার (২৭ অক্টোবর) সকাল ৬টা পর্যন্ত পদ্মা-মেঘনা নদীর কাচিকাটা থেকে হরিণা নৌ-সীমানায় এ অভিযান পরিচালনা করা হয়। নৌ-পুলিশ জানায়, চাঁদপুর নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আজমগীর হোসাইনের নেতৃত্বে সোমবার রাত ১১টা থেকে মঙ্গলবার সকাল ৬টা পর্যন্ত পদ্মা-মেঘনা নদীর কাচিকাটা থেকে হরিণা নৌ-সীমানায় এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ৪০ জেলেকে আটক করে নৌ পুলিশ। এ সময় ৩৩ হাজার মিটার নিষিদ্ধ কারেন্ট জাল, ১০টি জেলে

হাজীগঞ্জে গৃহবধূর মৃত্যু ঘিরে রহস্য, স্বামী ও স্ত্রীর পরিবারের অভিযোগ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে গৃহবধূ মিম আক্তারের (২০) বিধবানে মৃত্যুকে কেন্দ্র করে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। স্বামীর পরকীয়ার অভিযোগ তুলে সামাজিক যোগাযোগমাধ্যমে সরব হয়েছেন নিহতের পরিবারের সদস্যরা। তবে এসব অভিযোগ অস্বীকার করে ভিন্ন বক্তব্য দিয়েছেন স্বামী ওমর ফারকের পরিবারের সদস্যরা। দুই পক্ষের পাল্টাপাল্টি ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর সদর উপজেলা আইন-শৃঙ্খলা ও উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

সদর উপজেলা আইন-শৃঙ্খলা ও উন্নয়ন সমন্বয় কমিটির সভায় চাঁদপুরে সরকারি সম্পত্তি বেদখল থাকতে দেব না

-----শেখ ফরিদ আহমেদ মানিক এমপি

শহর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলা আইন-শৃঙ্খলা ও উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) সকাল সাড়ে ৯টায় উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ

ফরিদ আহমেদ মানিক। তিনি তার বক্তব্যে বলেন, কোনো সরকারি সম্পত্তি বেদখল থাকতে দেব না—সে যত বড় প্রভাবশালীই হোক। সরকারি বিভিন্ন দপ্তরের যেসব সম্পত্তি বেদখল রয়েছে, সংশ্লিষ্ট দপ্তরগুলোকে সেগুলো উদ্ধার করতে হবে। সরকারের জায়গা সরকারের কাছেই ফিরে আসবে। সরকারি সম্পত্তি উদ্ধার করতে পারলে সরকার আপনাদের ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে মোবাইল কোম্পানীর টাওয়ার নির্মাণ বাতিলের দাবিতে স্থানীয়দের মানববন্ধন।

ফরিদগঞ্জে মোবাইল কোম্পানীর টাওয়ার নির্মাণ বাতিলের দাবিতে মানববন্ধন

ইয়াহিদন পালোয়ান

ফরিদগঞ্জে ঘনবসতিপূর্ণ এলাকায় মোবাইল ফোন কোম্পানির নেটওয়ার্ক টাওয়ার নির্মাণ বন্ধের দাবিতে মানববন্ধন করেছেন স্থানীয় বাসিন্দারা। মঙ্গলবার (২৭ অক্টোবর) দুপুরে উপজেলার গুণ্টি পশ্চিম ইউনিয়নের ষোলদানা গ্রামের বগের বাড়ি এলাকায় এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। স্থানীয় বাসিন্দাদের দাবি, ঘনবসতিপূর্ণ এলাকায় মোবাইল ফোন কোম্পানি রবির নেটওয়ার্ক টাওয়ার নির্মাণ করা হলে জনস্বাস্থ্য ও পরিবেশের ওপর সন্ধ্যা বিরূপ প্রভাব নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। তাই নির্মাণকাজ বন্ধ রেখে বিষয়টি তদন্তের দাবি জানান তারা। স্থানীয়দের ● ২-এর পাতায় দেখুন

নজরুল বর্ষের সাংস্কৃতিক প্রতিযোগিতায় চাঁদপুরের ২৫ শিক্ষার্থীর সাফল্য

নজরুল-বর্ষ উপলক্ষে আয়োজিত চট্টগ্রাম বিভাগীয় পর্যায়ের সাংস্কৃতিক প্রতিযোগিতায় চাঁদপুরের ২৫ শিক্ষার্থী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করেছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় স্কুল-কলেজ ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষার্থীরা সংগীত, একক অভিনয়, নৃত্য, কবিতা আবৃত্তি, হামদ-নাট, রচনা ও উপস্থিত বক্তৃতা সহ বিভিন্ন বিষয়ে অংশ নিয়ে তারা এ কৃতিত্ব অর্জন করেন। প্রকাশিত ফলাফলে জানা যায়, নজরুল সংগীতে মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের কুমকলি দেবনাথ ও দীপা রায় চৌধুরী; একক অভিনয়ে মৈত্রী শিশু উদ্যানের সস্তিকা শর্মা, আল-আমিন একাডেমি স্কুলের সাহেলা মেহজবীন ছোয়া এবং চাঁদপুর সরকারি কলেজের মরিয়ম আক্তার প্রথম স্থান অর্জন করেছে। এ ছাড়া হামদ-নাট/হিসলামি ● ২-এর পাতায় দেখুন

হিলশা ইলেকট্রনিক্স

৩০১৬২৩-৩৯২৫৬৮, ০১৮১৮-৭৩৪১২৫, ০১৬৩৩-১৫৩০৪৭

৬০১৬২৩-৩৯২৫৬৮, ০১৮১৮-৭৩৪১২৫, ০১৬৩৩-১৫৩০৪৭

হাইমচরে পরোয়ানাভুক্ত আসামি'সহ গ্রেফতার ৪ হাইমচর প্রতিনিধি

হাইমচরে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনের মামলায় জিআর পরোয়ানাভুক্ত মো. মনির হোসেন (৩৫) নামে এক আসামিকে গ্রেফতার করেছে থানা পুলিশ। গ্রেফতার মনির হোসেন হাইমচর উপজেলার মুন্সি কান্দী এলাকার বাসিন্দা। তার পিতার নাম মো. শুকুর আলী খাঁ। মঙ্গলবার (২৭ অক্টোবর) হাইমচর ● ২-এর পাতায় দেখুন

ডেঙ্গুতে ১০ মাসে প্রাণহানি ৪০০, এক দিনে সর্বোচ্চ ১১ মৃত্যু

দিগন্ত ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরো ১১ জনের মৃত্যু হয়েছে। যা চলতি বছরে একদিনে সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড। এর আগে একদিনে সবচেয়ে বেশি ১০ জনের মৃত্যু হয়েছিল। একই সময়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২,০৭১ জন। ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর প্রেসক্লাবের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শুরু ২ নভেম্বর : নিবন্ধনের আহ্বান

ঐতিহ্যবাহী চাঁদপুর প্রেস ক্লাবের আয়োজনে আগামী ২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ থেকে শুরু হতে যাচ্ছে জমজমাট 'বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬'। এবারের প্রতিযোগিতায় চাঁদপুর প্রেস ক্লাব,চাঁদপুর টেলিভিশন সাংবাদিক ফোরাম এবং চাঁদপুর জেলা ফুটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সদস্যরা অংশ নিতে পারবেন।

ক্রীড়া ইভেন্টসমূহের মধ্যে রয়েছে- ব্যাডমিন্টন (একক ও দ্বৈত), ক্যারামবোর্ড (একক ও দ্বৈত) এবং দাবা (একক)। নিবন্ধন ও এন্ট্রি ফি : উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রতিযোগীদের চাঁদপুর প্রেস ক্লাবে এসে নাম ও নিজ ইভেন্ট লিপিবদ্ধ করার

আহ্বান করা হয়েছে। এন্ট্রি ফি : একক ইভেন্টের জন্য জনপ্রতি ১০০ টাকা এবং দ্বৈত ইভেন্টের জন্য ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে। অফিস সহকারীর নিকট এন্ট্রি ফি জমা দিয়ে খাতায় নাম ও খেলার নাম নিশ্চিত করতে হবে। প্রতিযোগিতার নিয়মাবলি : ১. নির্ধারিত সময়ের ● ২-এর পাতায় দেখুন

নাব্যে তাকসীর বাংলাদেশ

বিশিষ্ট ইমামের রাহমত

ইসলামী সমাজকল্যাণ পরিষদ চাঁদপুর এর উদ্যোগে

৩১

অক্টোবর ২০২৬

রোজঃ শনিবার

বিকাল ৩ ঘটিকা

প্রধান অতিথি

উপমহাদেশের প্রখ্যাত আলোচনামূলক, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও আন্দোলনে রাসূল ছাইয়েদ

মোঃ আনোয়ার হোসাইন তাহের জাবেরী আল-মাদানী

খতিবঃ শাহী জামে মসজিদ, আন্দারকিন্দা, চট্টগ্রাম।

প্রধান বক্তা

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও গবেষক

মুহাদ্দিস আবু নছর আশরাফী

প্রধান মুহাদ্দিস, হাজীগঞ্জ আহমাদিয়া কামিল মাদ্রাসা, হাজীগঞ্জ, চাঁদপুর।

বিশেষ অতিথি

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, ভকুন বক্তা ও সু-মধুর কণ্ঠস্বর

আলহাজ্ব হযরত মাওলানা মুহাম্মদ সালাহউদ্দিন চাঁদপুরী

খতিবঃ পি ডব্লিউ ডি জামে মসজিদ, নয়াপল্টন, ঢাকা।

হযরত মাওলানা হাফিজ আহমাদ আনসারী

খতিবঃ চিশতিয়া জামে মসজিদ, চাঁদপুর।

অধ্যাপক মাওলানা হোহাইল আহমাদ চিশতী

খতিবঃ দারুসসালাম জামে মসজিদ, নিউ ট্রাক রোড, চাঁদপুর।

সভাপতিত্ব করবেন

আল্লামা খাজা মোঃ আলিউল্লাহ

পীর সাহেব, ইসলামপুর গাছতলা ও সভাপতি, ইসলামী সমাজকল্যাণ পরিষদ, চাঁদপুর।

এইচএসসির ফল প্রকাশের নতুন তারিখ ৩১ অক্টোবর

দিগন্ত ডেস্ক

২০২৬ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের তারিখ পেছানো হয়েছে। নতুন ঘোষণা অনুযায়ী-আগামী ৩১ অক্টোবর (শনিবার) এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হবে। মঙ্গলবার (২৭ অক্টোবর) এ তথ্য জানিয়েছেন ঢাকা শিক্ষাবোর্ডের ● ২-এর পাতায় দেখুন

ইপিজেড সন্ধ্যাবনা যাচাইয়ে বেপজার প্রতিনিধি দল চাঁদপুরে।

সন্ধ্যাবনা যাচাইয়ে বেপজার প্রতিনিধি দল চাঁদপুরে ইপিজেড হলে চাকরি পাবেন ৫০ হাজার মানুষ

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) স্থাপিত হলে সরাসরি প্রায় ৫০ হাজার মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারে। এ সন্ধ্যাবনা যাচাইয়ে ইপিজেড ও সৌরবিদ্যুৎ প্রকল্পের জন্য জেলার তিনটি স্থান পরিদর্শন করেছে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের (বেপজা) একটি প্রতিনিধি দল।

চাঁদপুরে দুই প্রতিষ্ঠানকে জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুটি প্রতিষ্ঠানকে মোট ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। সরকার নির্ধারিত দলের চেয়ে বেশি দামে এলপিজি সিলিভার গ্যাস বিক্রেতা এবং পচা-বাসি খাবার সংরক্ষণের অপরাধে প্রতিষ্ঠান দুটিকে এ জরিমানা করা হয়।

কচুয়ায় ইয়াবাসহ আটক ২

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ১১০ পিস ইয়াবা ট্যাবলেটসহ দুইজনকে আটক করা হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) কচুয়া পৌরসভা এলাকার কড়ইশ-কচুয়া প্রধান সড়কের দক্ষিণ পাশে ইব্রাহিমের ছয়তলা ভবনের সামনে সড়ক থেকে তাদের গ্রেফতার করা হয়।

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা

নতুন ঠিকানা

নতুন বাজার মোড়, চাঁদপুর।

বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুন বাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেস্তোরাঁ

মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিশ্ববিদ্যালয় ভর্তির সবচেয়ে সেরা ভর্তি কোর্সিং

ভর্তি চলছে

ইউনিএইড চাঁদপুর

বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।

বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোর্সিং করে

১৫১ জন

৫৪০ এর অধিক

চাকা বিশ্ববিদ্যালয়ে সহ

বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।

বিস্তারিত জানতে :

Uniaid Chandpur এর ফেসবুক

01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।

ইউনিএইড চাঁদপুর

ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিয়মির হাসপাতালের বিপরীতে।



মোঃ সালাউদ্দিন (জসিম)

প্রোপ্রাইটর

মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ

সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়ার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।

টেকনো হা্যান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।

মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক

চাঁদপুর ডিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

বুধবার ২৮ অক্টোবর ২০২৬, ১২ কাতিক ১৪৩৩ বঙ্গাব্দ, ১৬ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী



English & Maths Care

আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে

Spoken English

Kids Spoken & Phonetics:

* Kids Spoken Level 01: KG to Class Two

* Kids Spoken Level 02: Class Two to Five

* Spoken English: Class Six to Nine

* Professional Spoken

* One to one Communicative English

* Academic English Writing With Grammar

৩৬, হাজী মহসীন রোড, রাস কমপ্লেক্সের বিপরীত পাশে, টেকনো হা্যান কমপ্লেক্সের বিপরীত পাশে, চাঁদপুর।

০১৭৪-৭২৪৩০০

হাম ও উপসর্গে আরো ৭ জনের মৃত্যু, আক্রান্ত ১২৯৫

দেশে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে সাত শিশুর মৃত্যু হয়েছে। এ সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ২৯৫ শিশু। মঙ্গলবার (২৭ অক্টোবর) বিকেলে শব্দা অদিদফতরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য।

● ৩-এর পাভায় দেখুন

মাদক ও কিশোর গ্যাংয়ের গডফাদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ

মাদক ও কিশোর গ্যাংয়ের সাথে জড়িত গডফাদারদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের পুলিশ সদস্যদের নির্দেশ দেয়া হয়েছে। অতিরিক্ত আইজি (ক্রাইম) আন্ড অপারেশনস) মো: সায়েদুর রহমান মঙ্গলবার (২৭ অক্টোবর) বিকেলে পুলিশ হেডকোয়ার্টারে অনুষ্ঠিত মাসিক (সেক্টর ২০২৬) অপর্যায় পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্য প্রদানকালে এ নির্দেশ প্রদান করেন। মেট্রোপলিটন পুলিশ ক্যান্টনমেন্ট, রেঞ্জ ডিআইজি ও জেলার পুলিশ

● ৩-এর পাভায় দেখুন



যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চাঁদপুর জেলা যুবদলের যুব সমাবেশ প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে যুব সমাবেশ মাদকাসক্তি ও লোভ সংবরণ করতে না পারলে আদর্শিক যুবদল গড়া সম্ভব নয়

-----শেখ ফরিদ আহমেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে যুব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) বিকেলে জেলা বিএনপির কার্যালয়ের সামনে চাঁদপুর জেলা যুবদলের উদ্যোগে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক। তিনি তার বক্তব্যে বলেন, যুবদল প্রাথমিক্তর ভানপাড়।

আমরা ফ্যাসিস্ট আওয়ামী লীগের বিরুদ্ধে ১৭ বছর যুদ্ধ করেছে। যারা মনে করছেন দেশে আসবেন, তাদের জন্য আমাদের দরজা খোলা। দেশে আসুন, তবে আসলে সেই দিন ভুলে যান। দেশে আসবেন বলে জাতিকে আর লজ্জায় ফেলবেন না। বাংলাদেশের জনগণ তাদের রহমানকে আপন করে নিয়েছেন। তিনি আরও বলেন, যুবদলকে আরও পরিমার্জিত ও শক্তিশালী হতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমে সুন্দর ও সুশৃঙ্খলভাবে সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ড তুলে ধরতে হবে। ● ৩-এর পাভায় দেখুন

শহীদদের রক্তের দায় নিয়ে মাঠে নেমেছি, কোনো ষড়যন্ত্রে পা দেব না : মামুনুল হক

দিগন্ত ডেস্ক

বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হক বলেছেন, "আমরা মাঠে তামাশা করতে বা খেলতে নামিনি। আমরা যে দাবি নিয়ে মাঠে নেমেছি-সংবিধান সংস্কার ও রাষ্ট্র মোরামতের দাবি, হাজার হাজার শহীদদের রক্তের দায় নিয়ে মাঠে নেমেছি। তাই আমরা কোনো ষড়যন্ত্র বা চক্রান্তে পা দেব না ইনশাআল্লাহ।"

মঙ্গলবার দুপুরে রাজধানীর মিন্টো রোডে বিরোধীদলীয় নেতার সরকার বাতলবনে ১১ দলীয় এককের শীর্ষ নেতাদের বৈঠক শেষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, "আমাদের এই একক শুধু ১১ দলের নয়, এটি জনগণের এক। বাংলাদেশের রূপরেখা ও গতিপথ নির্ধারণ করা, আধিপত্যবাদ মোকাবিলা ও ফ্যাসিবাদের পথ রুদ্ধ করার যে লড়াই, তাতে আমরা একাত্মক আছি এবং ধীরে ধীরে এই এককের পরিসর আরও বাড়বে।" এর আগে সেখানে বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। এতে ১১ দলের শীর্ষ নেতা ও মহাসচিবরা উপস্থিত ছিলেন। মূলত ● ৩-এর পাভায় দেখুন



মতলব উত্তরে আর্থিক অনুদানের চেক বিতরণ করছেন ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশের (আইইবি) চেয়ারম্যান ইঞ্জিনিয়ার শাহানাজ শারমিন।

মতলব উত্তরে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও অসহায় পরিবারের মাঝে চেক বিতরণ

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও গ্রাম মঞ্জলায়নের অর্থায়নে প্রাকৃতিক দুর্যোগ ও বিভিন্ন কারণে ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের মাঝে ৪ লাখ ৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) সকালে উপজেলা অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের হাতে এসব চেক তুলে দেন উইমেন চ্যান্টার, ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশের (আইইবি) চেয়ারম্যান ইঞ্জিনিয়ার শাহানাজ শারমিন। উপসহকারী প্রকৌশলী সালাউদ্দিন আহমেদের পরিচালনায় চেক হস্তান্তর অনুষ্ঠানে বক্তব্য দেন চাঁদপুর জেলা বিএনপির সদস্য ও মতলব উত্তর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর সরকার, মতলব পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম প্রধান, মতলব উত্তর উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুল গণি তপাদার, সাংগঠনিক সম্পাদক মিয়া মঞ্জুর আমিন স্বপন, মতলব পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মো. উজ্জ্বল ফারজী, উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক রাশেদ জামান টিপু এবং উপজেলা ছাত্রদের সদস্য সচিব জয়নাল পাটোয়ারী পিনু। অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রাকৃতিক দুর্যোগসহ বিভিন্ন কারণে ক্ষতিগ্রস্ত ও অসহায় পরিবারগুলোর পাশে দাঁড়ানো ● ৩-এর পাভায় দেখুন

চাঁদপুর জেলা বিএনপি আয়োজনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতিকৃতি অঙ্কন প্রতিযোগিতা

প্রেস বিজ্ঞপ্তি

চাঁদপুর জেলা বিএনপি মহান ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতিকৃতি অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেছে। এ উপলক্ষে আগামী ৫ই নভেম্বর, বৃহস্পতিবার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। চাঁদপুর-৩ আসনের এমপি শেখ ফরিদ আহমেদ মানিক এর বাসভবন 'মুনিরা ভবন' বিকেল ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত প্রতিযোগিতার কার্যক্রম চলবে। প্রতিযোগিতার বিভাগ : "ক" বিভাগ শিশু থেকে ২য় শ্রেণি। "খ" বিভাগ ৩য় থেকে ৫ম শ্রেণি। "গ" বিভাগ ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি। "ঘ" বিভাগ একাদশ থেকে দ্বাদশ শ্রেণি। "ঙ" বিভাগ ডিগ্রী/অনার্স থেকে উন্মুক্ত। ছবি আঁকার বিষয় : শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের প্রতিকৃতি। যে কোন মাধ্যমে আঁকা যাবে। ছবি আঁকার কাগজ আয়োজক পক্ষ সরবরাহ করবে। ছবি আঁকার ব্যবতীয় সামগ্রী প্রতিযোগীদের নিয়ে আসতে হবে। প্রতি বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। চাঁদপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক এবং সাংস্কৃতিক সংগঠনের শিক্ষার্থীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে আহ্বান করা হচ্ছে। প্রয়োজনে- ০১৭৮২৬২২৯৮২ এবং ০১৭২১৪৬৯৯৪৯ নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। প্রতিযোগিতা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে চাঁদপুর জেলা বিএনপির সহ সভাপতি খলিলুর রহমান গাজীকে আহ্বায়ক ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক লিটন ভূঁইয়াতে সদস্য সচিব করে একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যগণ- অমল সেনগুপ্ত (চিত্রশিল্পী), অমল পাটোয়ারী (সংগঠক), ফারুক আহমেদ ● ৩-এর পাভায় দেখুন

মানবিক সাহায্যের আবেদন

অসুস্থ মাকসুদের চিকিৎসায় আর্থিক সহযোগিতার আকুল আবেদন



বাঁচতে চাই, সুস্থ হয়ে আবার স্বাভাবিক জীবনে ফিরতে চাই। আপনাদের সামান্য সহযোগিতাই হবে আমার মুখে হাসি ফোটানো। আমি মো. মাকসুদ-ই-এলাহী। আমার বাড়ি চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলার দায়চারা গ্রামে। আমি গত প্রায় এক বছর ধরে ফিস্টুলা রোগে ভুগছি। গত ১৯ আগস্ট ২০২৬ তারিখে চাঁদপুর সদরে আমার অস্ত্রোপচার করা হয়। কিন্তু দুর্ভাগ্যবশত, সেই অস্ত্রোপচারে আমি সুস্থ হয়ে উঠতে পারিনি।

বর্তমানে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পুনরায় অস্ত্রোপচার করানো প্রয়োজন। কিন্তু এই চিকিৎসার ব্যয় বহন করার মতো আর্থিক সাহায্য আমার নেই। দীর্ঘদিন ধরে অসুস্থ থাকায় আমি কোনো কাজকর্ম করতে পারছি না। ফলে নিজের চিকিৎসার খরচ জোগাড় করো ও আমার পক্ষে অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। এ অবস্থায় সমাজের হৃদয়বান, বিত্তবান ও মানবিক মানুষের কাছে আমার আকুল আবেদন-আপনারা ● ৩-এর পাভায় দেখুন



আব্দুর রহমান মোল্লা লাইব্রেরি ফিতা কেটে উদ্বোধন করছেন বিশিষ্ট দানবীর ও সমাজসেবক আলহাজ্ব এম. এ. বারী।

মতলবের কেএফটিতে 'আব্দুর রহমান মোল্লা লাইব্রেরি' উদ্বোধন

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলা সদরের ঢাকরিগাওয়ে অবস্থিত কেএফটি কলেজিয়েট স্কুলের বয়েজ উইংয়ে 'আব্দুর রহমান মোল্লা লাইব্রেরি' উদ্বোধন করা হয়েছে। সোমবার (২৬ অক্টোবর) দুপুরে আব্দুর রহমান মোল্লা লাইব্রেরি ফিতা কেটে উদ্বোধন করেন। বিশিষ্ট দানবীর ও সমাজসেবক আলহাজ্ব এম. এ. বারী উদ্বোধন শেষে দেয়া ও মোনাজাত পরিচালনা করেন কেএফটি কলেজিয়েট স্কুলের ধর্মীয় শিক্ষক আব্দুল মালেক মিয়াজী। পরে কেএফটি কলেজিয়েট স্কুলের অডিটোরিয়ামে আব্দুর রহমান মোল্লা লাইব্রেরি উদ্বোধনী অনুষ্ঠিত হয়। কেএফটি কলেজিয়েট স্কুলের প্রতিষ্ঠাতা বেলায়েত হোসেন জুলহাসের পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট দানবীর ও সমাজসেবক আলহাজ্ব এম. এ. বারী। তিনি বক্তব্যের শুরুতেই তার মরহুম পিতা আব্দুর রহমান মোল্লার নামে লাইব্রেরিটি করার মহান আল্লাহ তায়ালায় প্রতি শোকরিয়া আদায় করেন। তিনি বলেন, আমি আমার জীবনকাল অসহায় গরী দুঃখী মানুষের কল্যাণে কাজ করেছি। শুধু তাই নয়, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের লেখাপড়া, চিকিৎসা, বাহান ও বিয়ের জন্য আর্থিক সহায়তা করেছেন তিনি। মৃত্যুর আগ পর্যন্ত মানুষের এবং সমাজের কল্যাণে কাজ করে যাচো ইনশাআল্লাহ। কেএফটি কলেজিয়েট স্কুলের বিষয়ে তিনি বলেন, এ কলেজটি একদিন দেশের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হবে-শেখ-বিমদার (অসহায় গরী দুঃখী মানুষের কল্যাণে কাজ করেছি) নির্দল আকুল আবেদন আপনারা কেএফটি কলেজিয়েট স্কুলের সাথে ছিলেন,আছেন এবং ভবিষ্যতেও থাকবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মেসবাহ উদ্দিন সরকার, মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী কর্মকর্তা কে. এম. ইশামা এবং জাপান অধিবাসী ইয়াসুও হিরায়াম। বক্তব্যে অতিথিরা লাইব্রেরি গুরুত্ব, বই পড়ার ● ৩-এর পাভায় দেখুন



ডিম্বায়না মাছ রক্ষা করুন

ইলিশ সম্পদ বৃদ্ধি করুন

মা ইলিশ রক্ষা অভিযান-২০২৬

০৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

(২০ অক্টোবর হতে ৩০ অক্টোবর ২০২৬ পর্যন্ত)

মোট ২২ দিন প্রধান প্রজন্মে মৌসুমি ইলিশ ধরা বন্ধ রাখুন

এ সময় সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দণ্ডনীয় অপরাধ

এ নদী আমাদের এ মাছ আমাদের এই সম্পদ রক্ষা করার দায়িত্বও আমাদের

ইলিশ সম্পদ রক্ষার হাফে সন্মিলকে সহযোগিতার জন্য অনুগ্রহ করা হলো

অনুমোদিত কর্মকর্তা

আহমেদ জিয়াউর রহমান

জেলা প্রশাসক ও সমাপতি

ইলিশ সম্পদ রক্ষার সড়ক সীমান্তে টাওয়ারের কমিটি, চাঁদপুর

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্মা)

এমবিবিএস (ঢাকা), বিসিএস (বাছা)

এফসিপিএস (পাইনী) এন্ড অফস

ডিজিও, এমসিপিএস (পাইনী) এন্ড অফস

সিগিডি (বারডেম), ডিএলডি (পাইনী) : ৫-৬৪৮৩০

পাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

গোপী দেবার সময় : রবিবার সকল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান

এমবিবিএস, বিসিএস (বাছা)

এফসিপিএস (মৌসুমি), এফআরসিপি (ইউকে)

এমডি (প্যাস্টোএন্ডারোলজী)

স্বাস্থ্য সলিউশন্স মেডিকেল কলেজ মিউজের হাসপাতাল, ঢাকা

BMD Reg No: A-71474

মৌসুমি, পরিবারকল ও শিশুর বিশেষজ্ঞ

গোপী দেবার সময় : শুক্রবার সকল ৯ টা থেকে বিকল ৪ টা পর্যন্ত

ডাঃ মিজানুর রহমান

এমবিবিএস, বিসিএস (বাছা)

এমএসএস (ই-এন-টি)

আর.এম.ও (রেজিস্টার্ড) লসক, কান, পদা বিভাগ

স্বাস্থ্য সলিউশন্স মেডিকেল কলেজ মিউজের হাসপাতাল, ঢাকা

রিমোডিং সার্জিক : ৫-৬২২০২৫

নাক, কান, ও পদা রোগ বিশেষজ্ঞ এবং হেড-সেক সার্জন

গোপী দেবার সময় : প্রতি শুক্রবার সকল ১০টা - সন্ধ্যা ৬টা

ইতিহাসে ২৮ অক্টোবর

১৬৩৮ সালে হার্ভার্ড বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৮৮৬ সালে ফ্রান্স যুক্তরাষ্ট্রের প্রতি বন্ধুত্বের নিদর্শন হিসাবে স্ট্যাচু অব লিবার্টি উৎসর্গ করে। ১৯২২ সালে বেনিতো মুচালালিন নেতৃত্বে ইতালীয় ফ্যাসিবাদীরা রোম অভিমুখে যাত্রা করে এবং ইতালীয় সরকার দখল করে। ২০০৬ সালে বিচারপতি কে.এম. হাসানকে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হিসেবে শপথ গ্রহণকে বাধা দিতে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ডাকে সারাদেশে আওয়ামী লীগ নেতা-কর্মীরা বৈঠা লগি নিয়ে নেমে পড়ে। এতে সারাদেশে আওয়ামী লীগ ১৯ জনকে হত্যা করে। ১৯৭১ সালে শহীদ হন বীর শ্রেষ্ঠ হামিদুর রহমান।

২৪ ঘণ্টা সার্ভিস

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ সাইফুল ইসলাম খাঁন

এমবিবিএস (ঢাকা), বিসিএস (বাছা)

এফসিপিএস (পাইনী) এন্ড অফস

ডিজিও, এমসিপিএস (পাইনী) এন্ড অফস

সিগিডি (বারডেম), ডিএলডি (পাইনী) : ৫-৬৪৮৩০

পাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

গোপী দেবার সময় : শুক্রবার সকল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ মিজানুর রহমান

এমবিবিএস, বিসিএস (বাছা)

এমএসএস (ই-এন-টি)


আর.এম.ও (রেজিস্টার্ড) লসক, কান, পদা বিভাগ

স্বাস্থ্য সলিউশন্স মেডিকেল কলেজ মিউজের হাসপাতাল, ঢাকা

রিমোডিং সার্জিক : ৫-৬২২০২৫

নাক, কান, ও পদা রোগ বিশেষজ্ঞ এবং হেড-সেক সার্জন

গোপী দেবার সময় : প্রতি শুক্রবার সকল ১০টা - সন্ধ্যা ৬টা



নদীপথে অপরাধ বাড়ছে নৌ পুলিশের সক্ষমতা

বাড়ানোর বিকল্প নেই

নদীপথে হত্যা, ডাকাতি, চাঁদাবাজির মতো অপরাধ যে কতটা ভয়াবহ রূপ ধারণ করেছে, তা নদীপথে অপরাধ নিয়ে প্রথম আলোর দুই পর্বের প্রতিবেদনে সুস্পষ্টভাবে উঠে এসেছে। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো, অপরাধীরা হত্যা, ধর্ষণের মতো অপরাধের আলামত মুছে ফেলার কৌশল হিসেবে নদীপথকে বেছে নিচ্ছে। সংবন্ধ অপরাধী গোষ্ঠী, বিশেষ করে নৌ ডাকাত আর জলদস্যুরা এতটাই বোপরোয়া হয়ে উঠেছে যে তারা পুলিশের ওপর আক্রমণ করতেও পিছপাে হচ্ছে না। এ বাস্তবতায় নদীপথে নাগরিকের জীবনায়নের নিরাপত্তার বিষয়টি যে বড় প্রশ্নের মুখে পড়েছে, সেটা বলাই বাহুল্য। নৌ পুলিশের বরাতে প্রথম আলোর খবর জানাচ্ছে, ২০২১ সালের জানুয়ারি থেকে এ বছরের সেপ্টেম্বর পর্যন্ত ৫ বছর ৯ মাসে দেশের বিভিন্ন নদনদী থেকে ২ হাজার ৪৯৪টি মরদেহ উদ্ধার করা হয়েছে। এর মধ্যে হত্যাকাণ্ডের শিকার ব্যক্তি যেমন আছেন, তেমনি বিভিন্নভাবে নদীতে পড়ে দুর্ঘটনাবশত মৃত্যু এবং নদীতে বাঁপিয়ে পড়ে আত্মহত্যার ঘটনাও রয়েছে। এ সময়ে ১ হাজার ৩৩৯ জনের মরদেহ শনাক্ত হয়েছে। পরিচয় শনাক্ত হয়নি ৭৫৫ জনের। অপরাধবিজ্ঞানীরা মনে করেন, বাস্তব অপরাধের সংখ্যা আরও অনেক বেশি। অপরাধের প্রমাণ মুছে ফেলতে ও গ্রেপ্তার এড়াতে হত্যার পর লাশ নদীতে ফেলে দেয় অপরাধীরা।

চাঁদপুরে তীব্র লোডশেডিং

শিক্ষিকা উম্মে হাবিবা সেলেন তাঁর একটি ফেসবুক পোস্টে নিজের ভয়াবহ অভিজ্ঞতার কথা জানিয়ে লেখেন, “আজকের লোডশেডিং ঠিক কতবার হয়েছিল গুণে রাখিনি। কিন্তু গভীরে পাগল হওয়ার অবস্থা। মাইক্রোওয়েভ অন করেছিলাম চা গরম করতে। অতঃপর লোডশেডিং। ভুলবশত সুইচ অফ করি না। কোন ফাঁকে বিদ্যুৎ মশাই এসে মাইক্রোওয়েভে আত্ন ধরিয়ে দিলেন। মাইক্রোওয়েভটা বাদ হলেও বড় কোনো ক্ষতি হয়নি, এটাই শুকরিয়া। আল্লাহ বড় বিপদের হাত থেকে রক্ষা করানেন আজ।” একইভাবে লোডশেডিংয়ের স্বত্ত্বায় অতিষ্ঠ হয়ে স্থানীয় সাংবাদিক কবির মিজি সামাজিক যোগাযোগমাধ্যমে এসনেত্বে প্রকাশ করে লেখেন, “কী! অফসোসের বিষয়! বিরুলে ওটা থেকে হেটার পরেও এ পর্যন্ত আধা ঘণ্টাও বিদ্যুৎ পেলাম না। এমন অসহ্য যন্ত্রণা তো কোনোভাবেই মেনে নেওয়া যায় না।” শহরের একাধিক বাসিন্দার সাথে কথা বলে জানা গেছে, হঠাৎ করেই বিদ্যুতের এমন ভয়াবহ রূপ নেওয়ার কোনো সুনির্দিষ্ট কারণ তারা জানেন না। বিদ্যুৎ বিভাগের পক্ষ থেকেও আগে থেকে কোনো সতর্কবার্তা বা লোডশেডিংয়ের কারণ স্পষ্ট করে স্থানীয় গ্রাহকদের জানানো হয়নি। ফলে সাধারণ মানুষের মাঝে স্ফোভ আরও তীব্র হচ্ছে।

বিদ্যুৎ সংকটের বড় প্রভাব পড়েছে স্থানীয় ব্যবসা-বাণিজ্যে। উৎপাদনমুখী প্রতিষ্ঠানের মালিকরা জানান, দিনের অধিকাংশ সময়ই বিদ্যুৎ না থাকায় কারখানায় উৎপাদন কার্যক্রম পুরোপুরি বন্ধ রাখতে হচ্ছে। এর ফলে সঠিক সময়ে গ্রাহকদের পণ্য সরবরাহ (ডেলিভারি) করা সম্ভব হচ্ছে না, যা তাঁদের ব্যবসায়িক সুম্মা মারাত্মকভাবে ক্ষুণ্ণ করছে এবং বড় ধরনের আর্থিক লোকসানের মখে ঠেলে দিচ্ছে।

স্থানীয় ভুক্তভোগী জনগণের দাবি, দ্রুত এই বিদ্যুৎ সংকটের সমাধান করে চাঁদপুরের জনজীবনে ঝুঁতি ফিরিয়ে আনতে যেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জরুরি ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করে।

রক্তাক্ত ২৮ অক্টোবর আজ

বিভিন্ন স্থানে বিএনপি-জামায়াতের অফিসাল নেতাকর্মীদের বাড়ি বাড়ি ধরে যেমন চালানো হয় পৈশাচিক হামলা, তেমনি আত্ন দিয়ে পুড়িয়ে দেওয়া হয় অনেক সরকারি অফিস, বাড়িঘর, পুরো দেশব্যাপী চলে তাকবলীনা। মূলত তৎকালীন সদ্য অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি কে এম হাসান যাতে তত্ত্বাবধায়ক সরকার প্রধানে দায়িত্ব নিনে তা পারেন সেজন্য আওয়ামী লীগের নেতৃত্বে ১৪ দলীয় জোট তখন তুমুল আন্দোলন করে। এমন প্রেক্ষাপটে সেদিন পল্টন-বায়তুল মোকাররম এলাকায় জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের সবে সর্বমানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের রক্তক্ষয়ী সংঘর্ষ হয়।

বিদ্যুৎ সংকটের বড় প্রভাব পড়েছে নদীপথে মারাত্মকভাবে হ্রাস পেয়েছে। সড়কে পূর্ব নির্ধারিত সমাবেশ ছিল তাদের। সকাল থেকেই সভার মঞ্চ তৈরির কাজ চলছিল। হঠাৎ করেই বেলা ১১টার দিকে আওয়ামী লীগের নেতাকর্মীরা লগিও বৈঠা নিয়ে জামায়াতের সমাবেশে স্থলে হামলা চালায়। তাদের হামলায় মারাত্মকভাবে আহত হয় জামায়াত ও শিবিরের অসংখ্য নেতাকর্মী।

সেদিন যা ঘটেছিল

২০০৬ সালের ২৮ অক্টোবর ছিল বিএনপির নেতৃত্বে চারদলীয় জোট পরিষদের শেষ দিন। বিএনপির নেতৃত্বে চারদলীয় জোট সরকার তখন বিদায়ের প্রস্তুতি নিচ্ছে। সেদিন সদ্য অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি কে এম হাসানের তত্ত্বাবধায়ক সরকার প্রধানে়ে শপথ হওয়ার কথা ছিল। তিনি যেন শপথ নিতে না পারেন সেজন্য আওয়ামী লীগের নেতৃত্বে ১৪ দলীয় জোট আন্দোলন করছিল। আওয়ামী লীগ আগেই ঘোষণা দিয়েছিল যে, কেএম হাসান তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হলে লাগাতার অবরোধ কর্মসূচি ঘোষণা করা হবে। কে এম হাসান দায়িত্ব নেনেন না- এমন একটি গুঞ্জন আগেই তৈরি হয়েছিল। ২৭ অক্টোবর রাতে কেএম হাসান তত্ত্বাবধায়ক সরকার প্রধান হতে অপরগতা

আকাবা কম্পিউটার একাডেমী

বাংলাদেশ কার্পূরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র

২৫% ভর্তি ছাড় চলছে!

- কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
- কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
- কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
- ফ্রি-বোড ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
- ই-ব্যাচিং

এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।

০১৭১২-৪৫৬৫১০, <https://chandpurict.blogspot.com>

প্রতিষ্ঠান ২০০৭ প্রতিষ্ঠান কোড ৬৩০৪৮ আইআইএনস ১৩৫৪৪১

২৫% ভর্তি ছাড় চলছে!

কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী

কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী

কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী

ফ্রি-বোড ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী

ই-ব্যাচিং

এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।

০১৭১২-৪৫৬৫১০, <https://chandpurict.blogspot.com>

চলতি মাসের উমরাহ বুকিং চলছে

৫টি মাসের উমরাহ বুকিং হব

ইমদা জাকাত

চৈয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর

পর্যায়ালমার: মাওলানা আবু রাসাদ সিদ্দিকী

০১৬১৩-১১৬৫৫২ ০১৬৭১-৬৩৪১২১ ০১৬২৮-৮০৩৩৭৫

২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন হাজার হাজার সহীহ শুবুভাবে হজ্জ ও উমরাহ পালনের বিশ্ব প্রতিষ্ঠান

প্রকাশ করেন। ফলে পরিস্থিতি প্যাস্টে যায়। কেএম হাসান এক বিবৃতিতে জানিয়ে দেন যে, দুই প্রধান রাজনৈতিক দলের সংলাপে কোনো ঐকমত্য না হওয়ায় তিনি তত্ত্বাবধায়ক সরকার প্রধানের দায়িত্ব নেননি। বিচারপতি কেএম হাসান অপরগতা প্রকাশ করার পর তত্ত্বাবধায়ক সরকার নিয়ে সংকট আরও জটিল আকার ধারণ করে। এমন অবস্থায় ২৮ অক্টোবর ঢাকায় সমাবেশের ঘোষণা দেয় জামায়াতে ইসলামী, আওয়ামী লীগ এবং বিএনপি। পল্টন ময়দানে সমাবেশের ঘোষণা দেয় আওয়ামী লীগ। এছাড়া বিএনপি নয়াপল্টনে দলীয় কার্যালয়ের সামনে এবং জামায়াতে ইসলামী বায়তুল মোকাররমের উত্তর গেটে সমাবেশের ঘোষণা দেয়। পল্টন ময়দানে সমাবেশের ঘোষণা দিয়েছিল শ্রমিক দলও। সংঘাতের আশঙ্কায় পল্টন ময়দান এবং আশপাশের এলাকায় সভা-সমাবেশ নিষিদ্ধ করে ঢাকা মহানগর পুলিশ।

এমন আশঙ্কার মধ্যেই পল্টন-বায়তুল মোকাররম এলাকায় জামায়াতে ইসলামী এবং আওয়ামী লীগের কর্মীদের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ হয়। সেদিন ঢাকার রাস্তায় প্রকাশ্যে অস্ত্র তুলে গুলি এবং লগি-বৈঠা দিয়ে জামায়াতে ইসলামীর ছয় নেতাকর্মীকে পিটিয়ে মারে আওয়ামী লীগের নেতাকর্মীরা, যা ভীষণ আলোড়ন তৈরি করেছিল। ২৮ অক্টোবরের আগের দিন এবং পরের দিনও দেশের বিভিন্ন জায়গায় রক্তক্ষয়ী রাজনৈতিক সংঘাত হয়েছিল। ঘটনার পরদিন জামায়াতে ইসলামীর পক্ষ থেকে পল্টন থানায় মামলা দায়ের করা হয়। মামলায় আওয়ামী লীগসহ ১৪ দলের ৪০ জন নেতার নামসহ সহস্রাধিক ব্যক্তিকে আসামি করা হয়। ২০০৭ সালের ১১ এপ্রিল ৪৬ জন আওয়ামী লীগ ও ১৪ দলীয় নেতাকর্মীর বিরুদ্ধে আমলাতে চার্জশিট দাখিল করা হয়। চার্জশিট দাখিলের পর ২২ এপ্রিল মামলার চার্জশিট গ্রহণ করেন মহানগর হাকিম মীর আলী রেজা। চার্জশিট গ্রহণ করেই আদালত আসামি শেখ হাসিনাসহ অন্যান্যদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। পরদিন ২৩ এপ্রিল তদন্ত কর্মকর্তারা আবেদনের প্রেক্ষিতে পরোয়ানা স্থগিত করে মামলাটি অধিকতর তদন্তের নির্দেশ দেন মহানগর হাকিম মীর আলী রেজা। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের পর তাদের দলীয় নেতাকর্মী, সমর্থক ও শুভাকাঙ্ক্ষীদের বিরুদ্ধে দেশের বিভিন্ন স্থানে দায়ের করা মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়। এই সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০০৯ সালের ৯ জুলাই স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব আবু সাঈদ পল্টন থানায় দায়ের করা হত্যা মামলাটি প্রত্যাহারের সিদ্ধান্ত জানিয়ে ঢাকা জেলা প্রশাসককে একটি চিঠি দেয়। ১৭ আগস্ট আদালত মামলাটি প্রত্যাহারের আবেদন মঞ্জুর করেন।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, ২৮ অক্টোবর লগি-বৈঠা দিয়ে মানুষ হত্যা আওয়ামী লীগের ঝৈরাচাঠী মনোভাবেরই বহিঃপ্রকাশ। রক্তাক্ত ২৮ অক্টোবর রাজনীতির ইতিহাসে কলঙ্কজনক অধ্যায় হয়ে থাকবে বলে মনে করেন তারা।

মা ইলিশ রক্ষায় নৌ

অবাধ ও নিরাপদ প্রজনন নিশ্চিত করতে নদীর গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে নজরদারি বাড়ানো হচ্ছে। এরই ধারাবাহিকতায় রাতভর নদীতে টহল ও অভিযান চালিয়ে মাছ ধরার প্রকৃতি নেওয়া এবং নিষেধাজ্ঞা অমান্য করে মাছ ধরার সঙ্গে সংশ্লিষ্ট জেলপের আটক করা হয়।

এর আগের নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আজমগীর হোসাইন বলেন, ইলিশের প্রধাণ অঙ্গন মৌসুমে মা ইলিশের নিরাপদ বিচরণ ও প্রজনন নিশ্চিত করতে নৌ-পুলিশ সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে। নদীতে নিষেধাজ্ঞা অমান্য করে মাছ শিকার, নিষিদ্ধ কারেন্ট জালের ব্যবহার এবং মা ইলিশ আহরণ বন্ধে নিয়মিত টহল ও বিশেষ অভিযান চালানো হচ্ছে। মা ইলিশ রক্ষায় শেষে মুহূর্ত পর্যন্ত নৌ-পুলিশের কঠোর নজরদারি ও অভিযান অব্যাহত থাকবে।

এইচএসসির ফল প্রকাশের

চৈয়ারম্যান ও আন্তর্গশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সভাপতি সৈয়দ আজমরুজ্জামান।

এর আগের গণ শনিবার (২৪ অক্টোবর) বাংলাদেশ আন্তর্গশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল, বৃহস্পতিবার (২৯ অক্টোবর) এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হবে। এ বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয় গত ২ জুলাই। লিখিত পরীক্ষা ৮ আগস্ট শেষ হওয়ার কথা থাকলেও প্রাকৃতিক দুর্যোগের জন্য চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কয়েকটি পরীক্ষা স্থগিত করা হয়। এ বছরের পরীক্ষাগুলো অনুষ্ঠিত হয়। এবার নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে এইচএসসি ও সমমানের পরীক্ষায় মোট ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ জন পরীক্ষার্থী অংশ নেয়।

হাজীগঞ্জে গৃহবধূর মৃত্যু

বক্তব্যে হাজীগাঁট নিয়ে এলাকার আলোচনা চলছে। নিহত মিম আক্তার হাজীগঞ্জ পৌরসভার ১৭ং ওয়ার্ডের বলাখাল এলাকার প্রবাসী ওমর ফারুকের স্ত্রী। তিনি এক সন্তানের জননী ছিলেন। পারিবারিক সমস্যা জানা যায়, গত ১৭ অক্টোবর শনিবার বিষণন করিম মিম। পরে স্বামী ও স্বগৃহবাসীর সদস্যরা তাঁকে হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে ২০ অক্টোবর মঙ্গলবার পর্যন্ত তাঁর চিকিৎসা চলে। পরে উন্নত চিকিৎসার জন্য তাঁকে কুমিল্লায় নেওয়া হয়। সেখান থেকে ঢাকায় নেয়ার পথে তাঁর মৃত্যু হয়। মিমের মৃত্যুর পর সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁর পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়, স্বামীর পরগণার কারণে মানসিকভাবে ভেঙে পড়ে আত্মহত্যার পথ বেছে নেন তিনি। তবে এ অভিযোগের পক্ষে কোনো তথ্য-প্রমাণ পাওয়া যায়নি। অন্যদিকে, অভিযোগ অস্বীকার করেছে ফারুকের পরিবার। তাদের দাবি, মিম হাসপাতালে চিকিৎসাধীন থাকার সময় তাঁর পরিবারের সদস্যদের খোঁজখবর নিতে তারা যায়নি। এমনকি ওয়াত চিকিৎসার জন্য কুমিল্লায় নেওয়ার সময়ও তাঁর পরিবারের একমক সঙ্গে পাওয়া যায়নি বলে দাবি করেন তাঁরা। ফারুকের পরিবারের সদস্যদের দাবি, মিমের মৃত্যুর পেছনে পারিবারিক অশান্তিহই অন্যান্য বিষয়ও খতিয়ে নেওয়া প্রয়োজন। তাঁদের বক্তব্য, মিম নিজের মা ও নিকটাত্মীয়দের ব্যক্তিগত জীবন নিয়ে বিভিন্ন ঘটনায় মানসিকভাবে বিব্রত থাকতেন।

ফারুকের বোন রিনা বেগম বলেন, বিয়ের সময় তাঁর ভাইকে জানানো হয়েছিল, মিমের মা মারা গেছেন। পরে তাঁরা জানতে পারেন, ওই সময় মিমের মা অন্য এক পুরুষের সঙ্গে চলে গিয়েছিলেন। বিষয়টি গোপন রেখেই বিয়ে সম্পন্ন করা হয়েছিল বলে দাবি করেন তিনি। রিনা বেগম আরও অভিযোগ করেন, মিম হাসপাতালে চিকিৎসাধীন থাকার সময় তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাঁদের পাওয়া যায়নি। অথচ মিমের মরদেহ বাড়িতে আনার পর তাঁরা সেখানে উপস্থিত হন। এ সময় মিমের মা, খালা ও বোনদের মধ্যে কথা-কাটাকাটি হয় বলেও দাবি করেন তিনি। অন্যদিকে, মিমের স্বামী ওমর ফারুক বলেন, স্ত্রীর সঙ্গে তাঁর সংসারে তেমন কোনো সমস্যা ছিল না। তিনি নতুন করে ঘর নির্মাণ করেছেন এবং মিমকে নিয়ে সংসার চালিয়ে যাচ্ছিলেন। তিনি আরও বলেন, “আমি দেশে এলেও মিমকে ছাড়া কোথাও যেতাম না, এমনকি বাইরেও আড্ডা দিতাম না। তবে পারিবারিক বিভিন্ন বিষয় নিয়ে মিম মানসিকভাবে বিব্রত থাকতেন বলে আমার ধারণা।”

ফারুকের বিরুদ্ধে ওঠা পরকীয়ার অভিযোগের বিষয়ে একই বাড়ির বাসিন্দা সুরুতী বলেন, ফারুক দীর্ঘদিন বিদেশে থাকেন। তাঁর বড় ভাইয়ের স্ত্রীও এখানে থাকেন না। এমন পরিস্থিতিতে পরকীয়ার অভিযোগ কীভাবে সম্ভব—এমন প্রশ্ন তুলে তিনি অভিযোগটিকে গুজব বলে দাবি করেন। এদিকে ফারুকের বিদেশে পালিয়ে যাওয়ার অভিযোগের বিষয়ে স্থানীয় এক বাসিন্দা জানান, ফারুকের বিদেশ যাওয়ার টিকিট আগে থেকেই কাটা ছিল। পাশাপাশি তার ভিসা ও টিকিটের মেয়াদ প্রায় শেষ হয়ে আসায় তিনি আর

নিষ্টি, দরি সহ যাতীয় বিকটানু দ্রব্যের

গ্রন্থতিভক্তি অভিজাত নিষ্টি বিপনী

ওয়ান মিনিট

চপ, কাকলেট, কোগলাই, চিরিয়ানী,

চাইবিজ সহ বিভিন্ন রুচিশীল থাবারের জন্য

হেডেন

ব্রেস্‌ল্যাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১১৫৩২১০

অনুবাদ!

রিলাইয়েস অনুবাদ কেন্দ্র

সরকারি রেজিঃ নং- ২০৪৫০৮

(সরকারি অনুমোদিত রিউরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)

আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মারদেশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কবিন মানা, ম্যারেজ সার্টিফিকেট, এনওবি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং মেটোরী পালকিং, ফরেন মিনিউট এনালিটিকেশন সহ বিদেশে পরিব্রন নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে সমস্যাভিদের দ্রাবতীয় কেউ/মামলা, ডকে কেউ ইত্যাদির কাগজ প্রসাদির অনুবাদ ও যাবতীয় সহযোগিতার কাজে প্রয়োজনীয় সহায়তা করে থাকে।

ঢাকা অফিস ১ ২৭২৬, তেপতথানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।

বাঙ্গা ও অফিস ৪ আনসারী মঞ্জিল, কিল্ডা চিট্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।

মোবাইল ৪ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

সেখানে থাকতে পারেননি, বাধ্য হয়েই তাঁকে ঢাক য়েতে হয়েছে। তবে বিদেশে যাওয়ার আগে তিনি চিকিৎসা পরীক্ষার চালিয়ে যেতে প্রয়োজনীয় সব ধরনের আর্থিক সহায়তা দেওয়ার আশ্বাস দিয়েছেন বলেও জানান ওই বাসিন্দা।

এ বিষয়ে হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. কাওসার আলম বলেন, এ ঘটনায় অপমৃত্যুর মামলা হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

হাইমচরে পরোয়ানাভুক্ত আসামি'সহ

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শাহ আলম, পিপিএম-সেবার সার্বিক দিকনির্দেশনায় বাহেরচর তদন্তকেন্দ্রের উপপরিদর্শক (এসআই) আঃ রব সঙ্গীয় ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনা করে তাকে গ্রেপ্তার করেন। পুলিশ সূত্রে জানা যায়, মনির হোসেন হাইমচর থানার ২০২৫ সালের ৩০ জানুয়ারি দায়ের করা ১৫ নম্বর মামলার জিআর পরোয়ানাভুক্ত আসামি। মৎস্য সুরক্ষা ও সরক্ষণ আইন, ১৯৫০-এর ৫(২)(খ) ধারায় মামলাটি দায়ের করা হয়েছিল। মামলার জিআর নম্বর ১৫/২৫।পুলিশ জানায়, গ্রেপ্তারের পর তাকে যথাযথ পুলিশ প্রহরায় বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে। সোমবার (২৬ অক্টোবর) হাইমচরে সম্ভাব্য ধর্তবা অপরাধ সংঘটনের প্রস্তুতিকালে ডিজনরুলের গ্রেপ্তার করেছে থানা পুলিশ। সন্ধ্যা দিকে উপজেলায় ২ নম্বর উত্তর আলগী ইউনিয়নের হাইমচর থানার কাছাকাছি মোক্তার সিকদারের বাড়ির সামনে থেকে তাঁদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন-মহজমপুর এলাকার অস্ত্রর সিকদার (২২), উত্তর আলগী এলাকার মো. সাকিব (২২) এবং দক্ষিণ আলগী ইউনিয়নের পশ্চিম চরভাঙ্গা এলাকার মো. রায়হান সরকার (২৪)। হাইমচর থানা পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, মঙ্গলবার (২৭ অক্টোবর) হাইমচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শাহ আলম, পিপিএম-সেবার সার্বিক দিকনির্দেশনায় এসআই আমিনুর রাহিম সঙ্গীয় ফোর্সসহ অভিযান পরিচালনা করেন। এ সময় সম্ভাব্য ধর্তবা অপরাধ সংঘটনের প্রস্তুতিকালে তাঁদের ফৌজদারি কার্যবিধির ১৫১ ধারায় গ্রেপ্তার করা হয়।

ডেঙ্গুতে ১০ মাসে প্রাণহানি

মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সেমবারে সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দুই সিটি কর্পোরেশনসহ ঢাকা বিভাগে ৮৯৯ জন, বরিশাল বিভাগে ২১৭ জন, চট্টগ্রামে ২৪১ জন, খুলনায় ২৫০ জন, ময়মনসিংহে ৯৭ জন, রাজশাহীতে ২২৯ জন, রংপুরে ১১২ জন এবং সিলেটে ২৬ জন ভর্তি হয়েছেন। এছাড়া বর্তমানে হাসপাতাল অসুস্থ হয়ে ভর্তি রয়েছেন ৬,৪১৫ জন। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, চলতি বছরের জানুয়ারি থেকে এখন পর্যন্ত ডেঙ্গুতে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে এক লাখ ২৮ হাজার ২৩৭ জনে। আর এ বছরে মোট মৃত্যু হয়েছে ৪০০ জনের। মৃতদের মধ্যে জানুয়ারিতে ২ জন, ফেব্রুয়ারিতে ২ জন, মে মাসে একজন, জুনে ১৩ জন, জুলাইয়ে ৩৬ জন, আগস্টে ৪০ জন এবং সেপ্টেম্বরে ১৪৮ জনের মৃত্যু হয়েছে। আর এখন পর্যন্ত হাসপাতাল থেকে মোট ছাড়পত্র পেয়েছে ১ লাখ ২১ হাজার ৪২২ জন।

চাঁদপুরে সরকারি

পুরস্কৃত করবে। তিনি আরও বলেন, সরকারি সন্তান উদ্ধারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্বভারী ভূমিকা পালন করতে হবে। সরকারি জায়গা দখল করে কোনো ধরনের অধৈম কর্মকাণ্ড পরিচালনার সুযোগ দেয়া হবে না। ডেঙ্গু প্রতিরোধে বলেন, ডেঙ্গুর প্রকোপ মোকাবিলায় সবাইকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করতে হবে। অফিস-আদালত, বাসবাড়ি ও আশপাশের পরিবেশ পরিষ্কার রাখতে হবে। কোথাও যেন দীর্ঘদিন পানি জমে না থাকে, সেদিকে বিশেষ নজর দিতে হবে। উদ্ভাে থাকে পানিতে এড়িস মশার লার্ভা সৃষ্টি হয়। তাই লার্ভা ধ্বংস করতে কার্যকর জন্মোৎসব নিতে হবে। তিনি বলেন, ডেঙ্গুতে আক্রান্ত হলে একজন রোগীর মৃত্যু হয়েছে। গত সেপ্টেম্বর মাসে প্রায় ৭০০ ডেঙ্গু রোগী চিকিৎসা দেয়ায়। সদর হাসপাতালে ওগুধ ও স্যালাইনের মজুদ রয়েছে। তবে ডেঙ্গু নিয়ন্ত্রণে চিকিৎসার পাশাপাশি প্রতিবেদমূলক ব্যবস্থা জোরদার করা জরুরি। ফ্যামিলি কার্ডের কার্যক্রম সম্পর্কে বলেন, সদর উপজেলায় ইতোমধ্যে ৩৫০০ পরিবারের জরিপ সম্পন্ন হয়েছে। এর মধ্যে চাঁদপুর পৌরসভায় ২ হাজার এবং সদর উপজেলায় ১৫০০ পরিবারের তথ্য সংগ্রহ করা হয়েছে। তিনি আরও বলেন, অনেক মানুষ আড়াই হাজার টাকা আর্থিক সহায়তার বিষয়টি সঠিকভাবে বুঝতে পারেন না। তাই সরজ্ ভাষায় তাদের বিষয়টি বুঝিয়ে বলতে হবে। বসন্তের মধ্যে সবচেয়ে দ্রাস্তা বাড়তে হবে। মসজিদের ইমাম ও মন্দিরের পুনেহিতদেরও বিবেচনা ভূমিকা রাখতে হবে, যাতে তারা ধর্মীয় উপাসনালয়ে উপস্থিত মানুষের কাছে ফ্যামিলি কার্ডের বিষয়টি তুলে ধরেন। মা ইলিশ সরেক্ষর কার্যক্রম মৎস্য বিভাগ, কোস্টগার্ড, নৌ-পুলিশ ও জেলা পুলিশকে ধন্যবাদ জানিয়ে শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, জীবনের ঝুঁকি নিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা নদীতে অভিযান পরিচালনা করছেন। মা ইলিশ রক্ষায় তাদের আন্তরিকতা ও দায়িত্বলীল ভূমিকা প্রশংসনীয়। তিনি বলেন, জেলেরা যাতে তাদের প্রাপ্য সরকারি সহায়তা শতভাগ পান, সে বিষয়ে আমরা চেষ্টা করছি। প্রকৃতি অভিযানগুলো আরও কার্যকরভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় গ্রাহমি সম্পন্ন করতে হবে। ঝুঁকি নিয়ে যারা কাজ করছেন, তাদের নিরাপত্তা ও সহযোগিতার বিষয়টিও গুরুত্ব দিতে হবে। ওএমএসের চাল বিতরণে অনিয়মের বিষয়ে বলেন, ওএমএসের চাল বাজারে বিক্রি করে দেওয়ার অভিযোগ রয়েছে। ফলে প্রকৃত উপকারভোগীরা চিমতোচা চাল পাচ্ছেন না। এ বিষয়ে ম্যাজিস্ট্রেটের মাধ্যমে নিয়মিত তদারকি করতে হবে। চাল বিতরণে কোনো ধরনের অনিয়ম বা দুর্নীতি বরাদ্দশত করা হবে না।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমার সভাপতিত্বে বক্তব্য রাখেন চাঁদপুর সদর মহল্লায় অফিসার ইনচার্জ ফরাজ আহমেদ, চাঁদপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) প্রত্যয় হাশেম, জেলা মহিলা কল্যাণ সভানেত্রী অ্যাড. মনিরা বেগম চৌধুরী, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি মোহাম্মদ আলী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহাবুব আলম, উপজেলা পরিবার পরিরকল্পনা কর্মকর্তা ডা. মো. রফিকুল হাসান ফয়সাল, চাঁদপুর সদর উপজেলা মৎস্য কর্মকর্তা মীর্জা ওমর ফারুক, কোস্টগার্ডের মো. আবদুস সামাদ প্রমুখ।

সভায় উপস্থিত ছিলেন সদর উপজেলা কৃষি অফিসার তপন রায়, সদর উপজেলা পলিটিক্যাল ইউ মোহাম্মদ আফতাবুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদের কর্মকর্তা ডা. জসিম উদ্দিন, চাঁদপুর জেলা বিএনপির জে-সভাপতি খলিলুর রহমান গাজী, সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজাহান মিশন, সাধারণ সম্পাদক হুমরত আলী ঢালী, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আক্তার হোসেন সাগর, অ্যাড. শিরিন আক্তার সুজা, চাঁদপুর জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আনিন খান আকাশ, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার, চেয়ার বর কমারের পরিচালক শাহজাহান করির খোকা, চাঁদপুর জেলা ছাত্রদলের সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগসহ উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

হাজীগঞ্জে রাতে অযাচিতভাবে

শর্মার তত্ত্বাবধানে এ অভিযান পরিচালিত হয়। পুলিশ জানায়, আটক কিশোরদের রাতে ঘোরাফেরার কারণ জানতে চাওয়া হয়ে তারা সত্তাবজনক জবাব দিতে পারেনি। পরে তাদের বিষয়ে থানার রেকর্ডপত্র ও অপরাধ তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (সিভিএমএস) যাচাই করা হয়। যাচাইয়ে তাদের বিরুদ্ধে ব্রহ্মণ কোনো তথ্য পাওয়া যায়নি। পুলিশ আরও জানায়, প্রথমদলের মধ্যে অংশধানের সুযোগ দিয়ে কিশোরদের অভিভাবকদের থানায় ডেকে আনা হয়। ভবিষ্যতে রাতে অযাচিতভাবে ঘোরাফেরা না করার বিষয়ে অভিভাবকদের আশ্বাসের পর আটক কিশোরদের তাদের জিম্মায় ছেড়ে দেওয়া হয়।

কিশোরদের মাদক, অনলাইন জুয়া ও বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড থেকে দূরে রাখতে এ অভিযান পরিচালনা করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

কিশোরদের অপরাধপ্রবণতা থেকে রক্ষা করতে এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানানো হয়।

চাঁদপুরে ইপিজেড হলে

স্থান পরিদর্শন করে। একই দিন সদর উপজেলার ইব্রাহিমপুর ইউনিয়ন ও হাইমচর উপজেলায় সৌরবিদ্যুৎ প্রকল্পের সম্ভাব্য স্থানও ঘুরে দেখে দলটি। বেপজার নির্বাহী পরিচালক মো. আবদুর রহমান ভূঁইয়ার নেতৃত্বে প্রতিনিধি দলটি প্রকল্পগণ্ডার সম্ভাব্যতা ও নির্ধারিত স্থানগুলোর উপযোগিতা সরেজমিনে যাচাই করে। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন কুমিল্লা ইপিজেডের সহকারী প্রকৌশলী মো. সফিকুল ইসলাম, চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, সহকারী কমিশনার (ভূমি) প্রত্যয় হাশেম, নারায়ণগঞ্জের আদমজী ইপিজেডের সহকারী পরিচালক মো. বোরহান উদ্দিনসহ বেপজার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা বলেন, প্রকল্পগুলো বাস্তবায়িত হলে চাঁদপুরে দেশি-বিদেশি বিনিয়োগের নতুন সুযোগ তৈরি হবে। রতানিমুখী শিল্পকারখানা পাড়ে উঠলে স্থানীয় অর্থনীতিতে গতি আসার পাশাপাশি চাঁদপুর ও আশপাশের জেলার তরুণদের কর্মসংস্থানের সুযোগ বাড়বে। সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়িত হলে নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনে নতুন সম্ভাবনা তৈরি হবে।

বেপজার নির্বাহী পরিচালক মো. আবদুর রহমান ভূঁইয়া বলেন, প্রথমমন্ত্রী

চাঁদপুরের একটি ইপিজেড ও একটি সৌরবিদ্যুৎ প্রকল্প স্থাপনের আশ্বাস দিয়েছেন। ইপিজেড প্রতিষ্ঠা করা হলে সেখানে সরাসরি প্রায় ৫০ হাজার মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারে। পাশাপাশি এ কেন্দ্রকে ঘিরে আশপাশের এলাকায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ৭ থেকে ৮ লাখ মানুষের কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে।

কচুয়ায় ইয়াবাসহ আটক ২

বসবাস করছেন। তাঁর স্বায়ী চিকানা মাদারীপুর জেলার শিবচর থানার পুরান কুতুবপুর ইউনিয়নের আদেল মুন্সি কান্দী (মুন্সিবাড়ি) এলাকায়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, নিয়মিত অভিযানের অংশ হিসেবে তাদের তত্ত্বাশি করা হয়। এ সময় ইউসুফের পরিহিত জিন্স প্যান্টের সামনের ডান পকেট থেকে একটি জিপারযুক্ত পলিপ্যাকে থাকা ১০০ পিস এবং বাচ্চু মিয়া ওরফে ফজলুর পরিহিত প্যান্টের সামনের বাম পকেট থেকে একই ধরনের পলিপ্যাকে থাকা ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধার করা ইয়াবার মোট সংখ্যা ১১০ পিস, যার ওজন ১১



ତୃତୀୟ ପୃଷ୍ଠା

পরে যেটা সংস্কার আন্দোলনের মধ্যে ঢালাব বাড়ায় তদয় আন্দোলন নিয়ে
এক বিশ্লেষণের হত্যার মাধ্যমে প্রভুত্ব দেখানো হয়। তাকে ফেজাজতে নিয়ে
জিজ্ঞাসাবাদ করে পুলিশ। যেসব মালোয়া প্রেস্তার দাবী করে হয় তাকে
নেওয়া হয় রিমাতেও। এবার মালোয়া নিন্দু ও উচ্চ জালাল থেকে জামিন
পাওয়ার পর তিনি কারাগারে হন।
প্রথম জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসন থেকে বঙ্গব্রজ প্রাণী হিসেবে
প্রতিনিধিত্ব করেছিলেন দীর্ঘদিন আগারওয়াল। তিনি কার্যকর নিষিদ্ধ আগওয়াই
লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যবিষয়ক উপকমিটির সদস্য।